# ব্রি'র গবেষণা খামারে পোকা দমনে সতর্কতা

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর গবেষণা মাঠসহ বিভিন্ন মাঠে পাতা মোড়ানো পোকার উপস্থিতি পরিলক্ষিত হচ্ছে। এছাড়া যে সমস্ত ক্ষেতে আগাম ফুল আসবে সেখানে গান্ধি পোকার উপদ্রব বেড়ে যাওয়ারও সম্ভাবনা আছে। বর্তমানে মাঠে স্থাপিত আলোক ফাঁদে পাতা মোড়ানো পোকার আনাগোনা পরিলক্ষিত হচ্ছে। শুরুতেই এই পোকা দমন করার জন্য ধানের ক্ষেতে আলোক ফাঁদের পাশাপাশি সুইপিং এবং পার্চিং (প্রতি ১০০ বর্গমিটারে ১টি গাছের ডাল) এর ব্যবস্থা করা যেতে পারে। প্রয়োজনে কীটতত্ত্ববিদের পরামর্শক্রমে কীটনাশক ব্যবহার করা যেতে পারে।



পাতা মোড়ানো পোকা



পোকার কীড়া



পোকার ক্ষতির নমুনা

জমিতে শতকরা ২৫ ভাগ পাতা ক্ষতিগ্রস্থ হলে নিম্নলিখিত তালিকার যেকোন একটি অথবা অনুমোদিত কীটনাশক সঠিক মাত্রায় প্রয়োগ করুন।

| **কীটনাশক** | | **প্রয়োগ মাত্রা/হেক্টর** |
|---|---|---|
| **জেনেরিক নাম** | **ব্র্যান্ড নাম** | |
| কার্বারিল | সেভিন ৮৫ এসপি | ১.৭ কেজি |
| ক্লোরপাইরিফস | ডার্সবান ২০ ইসি | ১.০ লিটার |
| আইসোপ্রোকার্ব/এমআইপিসি | মিপসিন ৭৫ ডব্লিউপি | ১.১২ কেজি |

29.09.24

**কীটতত্ত্ব বিভাগ**

**বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর**